গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ইমিগ্রেশনওপাসপোর্টঅধিদপ্তর

ই-৭, আগারগাঁও, ঢাকা

www.dip.gov.bd

# সেবাপ্রদান প্রতিশ্রুতি (Citizen`s Charter)

## ১. ভিশন ও মিশন

**ভিশন:** বাংলাদেশি নাগরিকদের বহির্বিশ্বে ভ্রমণ নিরাপদ করা ও ইমিগ্রেশন প্রক্রিয়া সহজীকরণ।

**মিশন:** বাংলাদেশি নাগরিকদের বহির্বিশ্বে ভ্রমণ নিরাপদ করার লক্ষ্যেসেবা প্রত্যাশী সকল বাংলাদেশি নাগরিককে সহজে ও দ্রুততম সময়ে আন্তর্জাতিক মানের পাসপোর্ট প্রদান এবং বিদেশিদের বাংলাদেশে গমনা-গমন/অবস্থান সহজীকরণের লক্ষ্যে ভিসা ইস্যু প্রক্রিয়া যুগোপযোগীকরণ এবং বন্দরসমূহে ই-গেইট (e-gate) স্থাপনের মাধ্যমে সহজে ও দ্রুততম সময়ে ইমিগ্রেশন সম্পন্নকরণ ।

## ২. প্রতিশ্রুত সেবাসমূহ

### ২.১নাগরিকসেবা

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>সেবার নাম</th><th>সেবা প্রদান পদ্ধতি</th><th>প্রয়োজনীয় কাগজপত্র</th><th>প্রয়োজনীয় কাগজপত্র প্রাপ্তির স্থান</th><th>সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি</th><th>সেবা প্রদানের সময়সীমা</th><th>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম পদবী, ফোন নম্বর ও ই-মেইল)</th></tr>
<tr><td>(১)</td><td>(২)</td><td>(৩)</td><td>(৪)</td><td>(৫)</td><td>(৬)</td><td>(৭)</td><td>(৮)</td></tr>
<tr><td>১</td><td>(ক) ইলেকট্রনিক (E-Passport) পাসপোর্ট ইস্যু</td><td>অফলাইন (PDF) অথবা অনলাইনের মাধ্যমে আবেদন গ্রহণ করা হয়।</td><td>১) অনলাইনে / অফলাইনে (PDF) পূরণকৃত আবেদন ১ কপি, উল্লেখ্য হাতে লেখা আবেদন গ্রহণযোগ্য নয়।<br>২) ১ (এক) কপি জাতীয় পরিচয়পত্র (NID-২০ বছরের উর্ধে) অথবা ডিজিটাল জন্ম নিবন্ধন সনদ (BRC-১৮ বছরের নিম্নে) ; ১৮-২০ বছরের বয়সীদের ক্ষেত্রে NID/BRC প্রযোজ্য হবে।<br>❖ অপ্রাপ্ত বয়স্ক (১৮ বছরের কম) যাদের NID নাই, তার পিতা / মাতা ‘র জাতীয় পরিচয়পত্র (NID) প্রযোজ্য হবে।<br>❖ উল্লেখ্য যে NID/BRC এর মূল কপি প্রদর্শন বাধ্যতামূলক;<br>৩) পাসপোর্ট ফি জমাদানের এ-চালান</td><td>ই-পাসপোর্ট ওয়েবসাইট www.epassport.gov.bd এ আবেদনসহ নির্দেশনা রয়েছে।</td><td colspan="2">
<table>
<tr><th>পৃষ্ঠা সংখ্যা</th><th>মেয়াদ</th><th colspan="3">বিতরনের ধরণ ও সেবা প্রদানের সময় সীম</th></tr>
<tr><th></th><th></th><th>সাধারণ (১৫ কর্ম দিবস)</th><th>জরুরী (৭ কর্ম দিবস)</th><th>অতীব জরুরী (২ কর্ম দিব</th></tr>
<tr><td>৪৮ পৃষ্ঠা</td><td>৫ বছর</td><td>৪০২৫ (টাকা)</td><td>৬৩২৫ (টাকা)</td><td>৮৬২৫ (টাকা)</td></tr>
<tr><td></td><td>১০ বছর</td><td>৫৭৫০ (টাকা)</td><td>৮০৫০ (টাকা)</td><td>১০৩৫০ (টাকা)</td></tr>
<tr><td>৬৪ পৃষ্ঠা</td><td>৫ বছর</td><td>৬৩২৫ (টাকা)</td><td>৮৬২৫ (টাকা)</td><td>১২০৭৫ (টাকা)</td></tr>
<tr><td></td><td>১০ বছর</td><td>৮০৫০ (টাকা)</td><td>১০৩৫০ (টাকা)</td><td>১৩৮০০ (টাকা)</td></tr>
</table>
ক) বাংলাদেশে আবেদনকারীদের জন্য ফিস (১৫% ভ্যাট সহ)</td><td>আবেদনকারী যে অধিক্ষেত্রে বসবাস করেন সেই অধিক্ষেত্র সংশ্লিষ্ট বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস অথবা আঞ্চলিক পাসপোর্ট অফিসের পরিচালক/ উপপরিচালক/ সহকারী পরিচালক/ উপসহকারী পরিচালক (অধিক্ষেত্র www.dip.gov.bd হতে জানা যাবে) ।</td></tr>
</table>

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | আবেদনকারী যে এলাকায় বসবাস করেন সেই এলাকা সংশ্লিষ্ট বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস অথবা আঞ্চলিক পাসপোর্ট অফিস হতে এই সেবা প্রদান করা হয়। | (Automated challan) কপি।<br>৪) মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/ পরিদপ্তর/ অধস্তন অফিস এবং স্বায়ত্বশাসিত সংস্থা/ কর্পোরেশনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রেঃ<br>❖ আবেদনকারীর অনুকূলে প্রদত্ত অনাপত্তিসনদ (NOC/GO)ইস্যুকারী কর্তৃপক্ষের ওয়েবসাইটে আপলোড/প্রদর্শিত থাকা।<br>❖ ১ সেট আবেদন ফরম<br>❖ ১ (এক) কপি জাতীয় পরিচয়পত্র<br>৫) কেবলমাত্র সরকারী কর্মকর্তা-কর্মচারীদের নির্ভরশীল স্বামী/স্ত্রী এর ক্ষেত্রেঃ<br>❖ ইস্যুকারী কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রদর্শিত মূল অনাপত্তি সনদ (NOC)<br>❖ ১ সেট আবেদন ফরম<br>❖ ১ (এক) কপি জাতীয় পরিচয়পত্র (NID-২০ বছরের উর্ধে)/<br>❖ ১৮-২০ বছরের বয়সীদের ক্ষেত্রে NID/BRC প্রযোজ্য হবে।<br>৬) সরকারী কর্মকর্তা-কর্মচারীদের নির্ভরশীল (১৫ বছরের কম বয়সী) সন্তানের ক্ষেত্রেঃ<br>❖ ১ সেট আবেদনফরম<br>❖ ইস্যুকারী কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রদর্শিত মূল অনাপত্তি সনদ (NOC)<br>❖ ডিজিটাল জন্ম নিবন্ধনের (BRC) ফটোকপি<br>❖ পিতা / মাতা'র জাতীয় পরিচয়পত্র (NID) প্রযোজ্য হবে।<br>৭) কেবলমাত্র অবসরপ্রাপ্ত সরকারী কর্মকর্তা-কর্মচারীদের নির্ভরশীল স্বামী/স্ত্রী'র ক্ষেত্রেঃ<br>❖ ১ সেট আবেদনফরম;<br>❖ ১ সেট জাতীয় পরিচয় পত্র | | ❖ এ-চালান (Automated challan) এর মাধ্যমে জমাকৃত ফিগ্রহণযোগ্য হবে।<br>❖ অতি জরুরী পাসপোর্ট সেবা প্রাপ্তির লক্ষ্যে আবেদনের সাথে পুলিশ ক্লিয়ারেন্স দাখিল করতে হবে।<br>❖ ১৮ বছরের নিম্নে সকল আবেদনকারীর ক্ষেত্রে ই-পাসপোর্ট এর মেয়াদ ৫ বছর হবে।<br>খ) বিদেশে বাংলাদেশ দূতাবাসে সাধারণ আবেদনকারীদের জন্য ফিস | |

| পৃষ্ঠা সংখ্যা | মেয়াদ | বিতরনের ধরণ | |
|---|---|---|---|
| | | সাধারণ | জরুরী |
| ৪৮ পৃষ্ঠা | ৫ বছর | ১০০ (ইউএসডি | ১৫০ (ইউএসডি) |
| | ১০ বছর | ১২৫ (ইউএসডি) | ১৭৫ (ইউএসডি) |
| ৬৪ পৃষ্ঠা | ৫ বছর | ১৫০ (ইউএসডি) | ২০০ (ইউএসডি) |
| | ১০ বছর | ১৭৫ (ইউএসডি) | ২২৫ (ইউএসডি) |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td></td>
<td>❖ অবসর আদেশ/পেনশন বইয়ের ফটোকপি<br>❖ এক্ষেত্রে অবসর আদেশ/পেনশন বইয়ের মূল কপি প্রদর্শন বাধ্যতামূলক;<br>৮) দত্তক/ অভিভাবকত্ব গ্রহণের ক্ষেত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয় সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক জারিকৃত আদেশ।<br>৯) <u>রি-ইস্যু আবেদনের ক্ষেত্রেঃ</u><br>❖ অপরিবর্তিত তথ্যের আবেদনে ফরম পূরণ (পৃষ্ঠা-১ এর ক্রমিক ১-৩৭) সহ পাসপোর্ট এর ফটোকপি।<br>❖ পরিবর্তিত তথ্যের আবেদনে ফরম (পৃষ্ঠা-২ও ৩) পূরণসহ পাসপোর্ট এর ফটোকপি।<br>❖ পূর্ববর্তী মূল পাসপোর্ট প্রদর্শন বাধ্যতামূলক।<br>উল্লেখ্য, হারানো (LOST) ই-পাসপোর্ট এর ক্ষেত্রে মূল জিডি (GD) দাখিল করতে হবে।<br><br>১০) ০৬ বছর বয়সের নিম্নের আবেদনের ক্ষেত্রে ৩R সাইজের ল্যাব প্রিন্ট রঙ্গিন ছবি।<br><br>১১) তথ্য পরিবর্তনের ক্ষেত্রে সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্র, (৫৮.০০.০০০.০৪৩.৩২.০০৭.১৭.(অংশ).১৫৮, ১৩ ডিসেম্বর ২০২২) এবং ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক অফিসে আদেশ (৫৮.০১.০০০.২০২.৩৫.০৭২.২১.১৮৮; তারিখঃ ১২ ফেব্রুয়ারি ২০২৩) এর নির্দেশনা মোতাবেক প্রযোজ্য ডকুমেন্ট দাখিল করতে হবে।</td>
<td></td>
<td colspan="2">গ) বিদেশে বাংলাদেশ দূতাবাসে শ্রমিক ও শিক্ষার্থীদের জন্য ফিস
<table>
<tr><td rowspan="2">পৃষ্ঠা সংখ্যা</td><td rowspan="2">মেয়াদ</td><td colspan="2">বিতরনের ধরণ</td></tr>
<tr><td>সাধারণ</td><td>জরুরী</td></tr>
<tr><td rowspan="2">৪৮ পৃষ্ঠা</td><td>৫ বছর</td><td>৩০ (ইউএসডি)</td><td>৪৫ (ইউএসডি)</td></tr>
<tr><td>১০ বছর</td><td>৫০ (ইউএসডি)</td><td>৭৫ (ইউএসডি)</td></tr>
<tr><td rowspan="2">৬৪ পৃষ্ঠা</td><td>৫ বছর</td><td>১৫০ (ইউএসডি)</td><td>২০০ (ইউএসডি)</td></tr>
<tr><td>১০ বছর</td><td>১৭৫ (ইউএসডি)</td><td>২২৫ (ইউএসডি)</td></tr>
</table>
</td>
<td></td>
</tr>
<tr>
<td></td>
<td>(খ) মেশিন রিডেবল পাসপোর্ট (MRP) ইস্যু</td>
<td>• নির্ধারিত ফরমে অথবা অনলাইনের মাধ্যমে পূরণকৃত আবেদন পত্র গ্রহণ করা</td>
<td>১) অনলাইনে/হাতে পূরণকৃত আবেদনে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ল্যাব প্রিন্ট রঙ্গিন ছবি সংযোজনপূর্বক সত্যায়িত ২ (দুই) সেট পাসপোর্ট আবেদন ফরম (ডি.আই.পি. -১).<br><br>২) ২ (দুই) কপি সত্যায়িত জাতীয় পরিচয়পত্র (NID-২০ বছরের উর্ধ্বে) অথবা</td>
<td>অধিদপ্তরের ওয়েবসাইট www.dip.gov.bd/www.passport.gov.bd অথবা যেকোনো পাসপোর্ট অফিস থেকে ডিআইপি ফরম- ১ ও</td>
<td>ক. জরুরি ভিত্তিতে পাসপোর্ট প্রাপ্তির জন্য ফি ৬৯০০ টাকা (১৫% ভ্যাটসহ)।<br><br>খ. সাধারণভাবে পাসপোর্ট প্রাপ্তির জন্য ফি ৩৪৫০ টাকা (১৫% ভ্যাটসহ)।</td>
<td>ক. সাধারণ ফি এবং অনুকুল পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে ১৫ কর্মদিবসের মধ্যে।<br>খ. জরুরি ফি এবং পুলিশ প্রতিবেদন</td>
<td>আবেদনকারী যে অধিক্ষেত্রে বসবাস করেন সেই অধিক্ষেত্র সংশ্লিষ্ট বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস অথবা আঞ্চলিক পাসপোর্ট অফিসের পরিচালক/ উপপরিচালক/ সহকারী পরিচালক/</td>
</tr>
</table>

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | হয়।<br><br>• আবেদনকারী যে এলাকায় বসবাস করেন সেই এলাকা সংশ্লিষ্ট বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস অথবা আঞ্চলিক পাসপোর্ট অফিস হতে এই সেবা প্রদান করা হয়।<br>• কল সেন্টার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর একটি হেল্পলাইন। ১৬৪৪৫ হেল্পলাইনটি ব্যবহার করে বাংলাদেশী এবং প্রবাসী নাগরিকগণ পাসপোর্ট, সংক্রান্ত প্রয়োজনীয় সকল তথ্য সহায়তা | ডিজিটাল জন্ম নিবন্ধন (BRC-১৮ বছরের নিম্নে) সনদ ; ১৮-২০ বছরের বয়সীদের ক্ষেত্রে NID/BRC প্রযোজ্য হবে।<br>❖ উল্লেখ্য যে NID/BRC এর মূল কপি প্রদর্শন বাধ্যতামূলক;<br>৩) পাসপোর্ট ফি জমাদানের মূল ব্যাংক রসিদ।<br><br>৪) <u>মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/ পরিদপ্তর/ অধস্তন অফিস এবং স্বায়ত্বশাসিত সংস্থা/ কর্পোরেশনে কর্মরত কর্মকর্তা /কর্মচারীদের ক্ষেত্রেঃ</u><br>❖ আবেদনকারীর অনুকুলে প্রদত্ত অনাপত্তিসনদ (NOC/GO) ইস্যুকারী কর্তৃপক্ষের ওয়েবসাইটে আপলোড/প্রদর্শিত থাকা।<br>❖ এক্ষেত্রে আবেদনে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ল্যাব প্রিন্ট রঙ্গিন ছবি সংযোজনপূর্বক ১ সেট আবেদনফরম (ডি.আই.পি. -১); ও একসেট সত্যায়িত জাতীয় পরিচয়পত্র।<br>৫) <u>কেবলমাত্র সরকারী কর্মকর্তা- কর্মচারীদের নির্ভরশীল স্বামী/স্ত্রী এর ক্ষেত্রেঃ</u><br>❖ সদ্য তোলা পাসপোর্ট সাইজের ল্যাব প্রিন্ট রঙ্গিন ছবি সংযোজন পূর্বক ১ সেট আবেদন ফর্ম (ডি.আই.পি. -১);<br>❖ একসেট সত্যায়িত জাতীয় পরিচয়পত্র<br>❖ ইস্যুকারী কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রদর্শিত অনাপত্তি সনদ (NOC)।<br>৬) <u>সরকারী কর্মকর্তা-কর্মচারীদের নির্ভরশীল (১৫ বছরের কম বয়সী) সন্তানের ক্ষেত্রেঃ</u><br>❖ ইস্যুকারী কর্তৃপক্ষের ওয়েব সাইটে প্রদর্শিত মূল অনাপত্তি সনদ (NOC)<br>❖ ডিজিটাল জন্ম নিবন্ধনের | ২বিনামূল্যে সংগ্রহ করা যাবে। | গ. শুধুমাত্র echallan (ই-চালান) এবং সোনালী ব্যাংক এর মাধ্যমে জমাকৃত ফি গ্রহণযোগ্য হবে।<br><br>ঘ) মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর আন্তর্জাতিক ফি<br><br>http://www.dip.gov.bd/site/page/737e5bc1-130b-4486-be80-839cd81a103f/- | প্রাপ্তি সাপেক্ষে ৭ কর্মদিবসের মধ্যে।<br>গ. পুলিশ প্রতিবেদন যাদের জন্য প্রযোজ্যতা www.dip.gov.bd কে জানা যাবে। | উপসহকারী পরিচালক (অধিক্ষেত্র www.dip.gov.bd হতে জানা যাবে) । |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | পাবেন এবং তার সমস্যা সমাধানে কোথায় যোগাযোগ করতে হবে সে সংক্রান্ত পরামর্শ পাবেন। বাংলাদেশে অবস্থানরত বিদেশী নাগরিকগণ ভিসা সংক্রান্ত তথ্য ও পাবেন। এই কল সেন্টারটি ২৪/৭ চালু থাকে। বাংলাদেশ থেকে ১৬৪৪৫ এবং বিদেশ থেকে ০৯৬৬৬৭১৬ ৪৪৬ নম্বরে ডায়াল করে এই হেল্প লাইনে কল করা যাবে। | (BRC) ফটোকপি।<br>৭) কেবলমাত্র অবসরপ্রাপ্ত সরকারী কর্মকর্তা-কর্মচারীদের নির্ভরশীল স্বামী/স্ত্রী'র ক্ষেত্রেঃ<br>❖ সদ্য তোলা পাসপোর্ট সাইজের ল্যাব প্রিন্ট রঙ্গিনছবি সংযোজন পূর্বক১ সেট আবেদনফর্ম (ডি.আই.পি. -১);<br>❖ ১ (এক) সেট সত্যায়িত জাতীয় পরিচয়পত্র<br>❖ অবসর আদেশ/পেনশন বইয়ের ফটোকপি এক্ষেত্রে অবসর আদেশ/পেনশন বইয়ের মূল কপি প্রদর্শন বাধ্যতামূলক;<br><br>৮) দত্তক/অভিভাবকত্ব গ্রহণের ক্ষেত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয় সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক জারিকৃত আদেশ।<br>৯) রি-ইস্যু আবেদনের ক্ষেত্রেঃ<br>❖ ডিআইপি ফরম-২ পূরণসহ পাসপোর্ট এর ১ সেট ফটোকপি।<br>❖ পূর্ববর্তী মূল পাসপোর্ট প্রদর্শন বাধ্যতামূলক<br>❖ উল্লেখ্য, হারানো (LOST) MRP ক্ষেত্রে মূল জিডি (GD) দাখিল করতে হবে।<br>১০) ই-পাসপোর্ট সিস্টেমে Spouse Name পরিবর্তন করে Legal Guardian Name অন্তর্ভুক্তকরণ।<br>১১) ০৬ বছর বয়সের নিম্নের আবেদনের ক্ষেত্রে ৩R সাইজের ল্যাব প্রিন্ট রঙ্গিন ছবি ।<br>১২) তথ্য পরিবর্তনের ক্ষেত্রে সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্র, (৫৮.০০.০০০.০৪৩.৩২.০০৭.১৭.(অংশ).১৫৮ , ১৩ ডিসেম্বর ২০২২) এবং ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক অফিসে আদেশ (৫৮.০১.০০০.২০২.৩৫.০৭২.২১.১৮৮; তারিখঃ ১২ ফেব্রুয়ারি ২০২৩) এর নির্দেশনা মোতাবেক প্রযোজ্য ডকুমেন্ট দাখিল করতে হবে। | | | | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ২ | ভিসা ইস্যু | নির্ধারিত ফরমে হেল্প ডেস্কের মাধ্যমে অথবা অনলাইনের (www.visa.gov.bd) মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনকারী যে বিভাগে অবস্থান করবে সেই বিভাগের সংশ্লিষ্ট বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিসে আবেদন করতে হবে। ঢাকা ও ময়মনসিংহ বিভাগের আবেদনকারীগণ কে প্রধান কার্যালয়ের ভিসা শাখা হতে এই সেবা প্রদান করা হয়। | ❖ পাসপোর্ট সাইজেরল্যাব প্রিন্ট রঙ্গিন ছবিসহ আবেদন ফরম।<br>❖ পাসপোর্ট, সর্বশেষ বৈধ ভিসা ও আগমন সিলের ফটোকপি,<br>❖ প্রযোজ্য ক্ষেত্রে ব্যাংক রশিদ, ওয়ার্ক পারমিট, নিরাপত্তা ছাড়পত্র, এবং সংশ্লিষ্ট সংস্থা/মন্ত্রণালয়/প্রতিষ্ঠানের সুপারিশপত্র ইত্যাদি।<br>❖ যে শ্রেণির ভিসার আবেদন করবেন সেই শ্রেণির ভিসা প্রাপ্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে।<br>❖ মূল পাসপোর্ট প্রদর্শন করতে হবে। | শ্রেণি ভিত্তিক প্রয়োজনীয় কাগজপত্রের তথ্য www.dip.gov.bd ওয়েবসাইট থেকে জানা যাবে। | ক) দেশভিত্তিক ভিসা ফিসের তালিকা অনুযায়ী সোনালী ব্যাংকের নির্ধারিত শাখায় জমা করতে হবে।<br><br>খ) ঢাকার ক্ষেত্রে অধিদপ্তরের প্রধান কার্যালয়ে ভিসা শাখায় অবস্থিত সোনালী ব্যাংকের বুথ এবং অন্যান্য বিভাগের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগের নির্ধারিত সোনালী ব্যাংকের শাখায় ফি জমা করতে হবে।<br><br>গ) ভিসা ফি-এর তালিকা http://www.dip.gov.bd/site/page/4b2827cf-d95a-48fb-b3c4-794fa0dfd933/-ওয়েবসাইট হতে জানা যাবে। | ৩ কর্মদিবস থেকে ৩০ কর্মদিবস (শ্রেণিভেদে এবং অনুকূল তদন্ত প্রতিবেদন সাপেক্ষে) । | জনাব মোঃ আবুল হোসেন, উপপরিচালক (ভিসা ও ইমিগ্রেশন) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর প্রধান কার্যালয়, ঢাকা। ফোনঃ০১৭৩৩৯৩৩০৯<br><br>অথবা<br><br>পরিচালক/ উপপরিচালক, বিভাগীয়পাসপোর্টওভিসাঅফিস, ঢাকা/সিলেট/চট্টগ্রাম/রংপুর/ রাজশাহী/খুলনা/বরিশাল |
| ৩ | সার্ক ভিসা এক্সেম্পশন ষ্টিকার ইস্যু | নির্ধারিত আবেদন ফরমে ১ কপি স্ট্যাম্প ও ১ কপি পাসপোর্ট সাইজের ল্যাব প্রিন্ট রঙ্গিন ছবিসহ প্রধান কার্যালয়ে পাসপোর্ট শাখায় আবেদন গ্রহণ করা হয়। | • ১ কপি স্ট্যাম্প ও ১ কপি পাসপোর্ট সাইজের ল্যাব প্রিন্ট রঙ্গিন ছবিসহ আবেদন ফরম।<br>• পররাষ্ট্র মন্ত্রণালয়ের সুপারিশ।<br>• আবেদনকারীর পাসপোর্টের ফটোকপি (১ টি)<br>• মূল পাসপোর্ট প্রদর্শন করতে হবে। | - | বিনামূল্যে | ০৩-০৭কর্মদিবস | জনাব মোঃ সাদ্দাম হোসেন সহকারী পরিচালক (পাসপোর্ট) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর প্রধান কার্যালয়, ঢাকা। ফোনঃ০১৭৩৩-৩৯৩৩১১ adpassport@passport.gov.bd |
| ৪ | রুট চেন্জ পারমিট | নির্ধারিত আবেদন ফরমে প্রধান কার্যালয়ে ভিসা শাখায় আবেদন করতে হবে। | ❖ নির্ধারিত আবেদনপত্র<br>❖ পাসপোর্ট সাইজের ১ কপি ছবি<br>❖ আবেদনকারীর পাসপোর্টের ফটোকপি (১ টি)<br>❖ মূল পাসপোর্ট প্রদর্শন করতে হবে। | শ্রেণি ভিত্তিক প্রয়োজনীয় কাগজপত্রের তথ্য www.dip.gov.bdওয়েবসাইট থেকে জানা যাবে। | বিনামূল্যে | ০৩ কর্মদিবস | জনাব নাদিরা আক্তার উপ-পরিচালক (ভিসা ও ইমিগ্রেশন) ফোনঃ ০২-৪৮১১৬৭৩৫ ddvisa@passport.gov.bd |
| ৫ | বিদেশীদের পরিচিতি সনদ (Certificate of Identity) | নির্ধারিত আবেদন ফরমে প্রধান কার্যালয়ে পাসপোর্ট শাখায় আবেদন গ্রহণ করা হয়। | ▪ নির্ধারিত আবেদনপত্র<br>▪ পাসপোর্ট সাইজের ১ কপি ছবি<br>▪ আবেদনকারীর পাসপোর্টের ফটোকপি (১ টি) | প্রয়োজনীয় কাগজপত্রের তথ্য www.dip.gov.bdওয়েবসাইট থেকে জানা যাবে। | ক. সাধারণ ফিঃ ৫০০/-টাকা+ ১৫% ভ্যাট<br><br>খ. জরুরি ফিঃ ১০০০/- টাকা+ ১৫% ভ্যাট | ০৭ কর্মদিবস<br><br>০৩ কর্মদিবস | জনাব মোঃ সালাহ উদ্দিন উপপরিচালক (পাসপোর্ট, পলিসি ও সমন্বয় শাখা) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর প্রধান কার্যালয়, ঢাকা। ফোনঃ০১৭৩৩-৩৯৩৩১১ ddpassport@passport.gov.bd |

## ২.২. দাপ্তরিক সেবা

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ( নাম পদবী, ফোন/ নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস ও আঞ্চলিক পাসপোর্ট অফিসের বাজেট প্রদান। | নির্দিষ্ট অর্থনৈতিক কোডে বাজেট বরাদ্দ জারি ও ibass ++ এ এন্ট্রিকরণ | নির্দিষ্ট অর্থনৈতিক কোডে বাজেট বরাদ্দের সুনির্দিষ্ট প্রস্তাব। | বিনামূল্যে | ২০ কর্মদিবস | জনাব মোহাম্মদ মাসুদ রানা<br>সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা<br>ফোনঃ ০১৭৩৩৩৯৩৩২৬ |
| ২ | বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস/আঞ্চলিক পাসপোর্ট অফিস/পররাষ্ট্র মন্ত্রণালয়ে মুদ্রিত পাসপোর্ট সরবরাহ | ডাক বিভাগের মাধ্যমে | সিস্টেমে সংশ্লিষ্ট পাসপোর্ট অফিস কর্তৃক এমআরপি প্রদানের অনুমোদনের ভিত্তিতে। | - | পার্সোনালাইজেশন সেন্টারে প্রাপ্তির ০৩ কর্মদিবস এবং পাসপোর্ট প্রদানের বিধি মোতাবেক | পরিচালক<br>পার্সোনালাইজেশন সেন্টার<br>ফোনঃ ০১৭৩৩-৩৯৩৩০২<br>ddperso@passport.gov.bd |

## ২.৩. অভ্যন্তরীণ সেবা

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র | সেবার মূল্যে এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ( নাম পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরে ৩য় ও ৪র্থ শ্রেণির শূণ্য পদে নিয়োগ | প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে যোগ্য প্রার্থী বাছাই করা হয়। | অধিদপ্তরের নিয়োগবিধি মোতাবেক বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটির সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র । | আবেদন প্রক্রিয়াকরণের জন্য নির্ধারিত অংকের পে-অর্ডার | ৬০ দিন | জনাব শাহ মুহাম্মদ ওয়ালিউল্লাহ<br>উপপরিচালক (প্রশাসন)<br>ফোনঃ ০২-৮১৫৯০৯২<br>ddadmin@passport.gov.bd |
| ২ | ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের পদোন্নতি। | পদশূন্য থাকা সাপেক্ষে পদোন্নতি দেওয়া হয়। | ক. শূন্য পদের তালিকা।<br>খ. জ্যেষ্ঠতা তালিকা।<br>গ. সন্তোষজনক গোপনীয় প্রতিবেদন।<br>ঘ. বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটির সুপারিশ। | বিনামূল্যে | ১৫ দিন | জনাব শাহ মুহাম্মদ ওয়ালিউল্লাহ<br>উপপরিচালক (প্রশাসন)<br>ফোনঃ ০২-৮১৫৯০৯২<br>ddadmin@passport.gov.bd |
| ৩ | কর্মকর্তা ও কর্মচারীদের অর্জিত ছুটি মঞ্জুর। | সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের আবেদনের ভিত্তিতে নির্ধারিত ছুটি বিধিমালা অনুযায়ী সরকারি আদেশের মাধ্যমে | ক. সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের আবেদন।<br>খ. সংশ্লিষ্ট অফিস প্রধানের সুপারিশ।<br>গ. ছুটির প্রাপ্যতার সনদ<br>*কর্মকর্তাদের ক্ষেত্রে হিসাবরক্ষণ অফিস থেকে।<br>*কর্মচারীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট অফিস হতে এই সনদ গ্রহণ করতে হবে। | বিনামূল্যে | ০৭ দিন | জনাব মোঃ সালেহ উদ্দিন<br>সহকারী পরিচালক (প্রশাসন)<br>ফোনঃ ০১৭৩৩-৩৯৩৩৩৩<br>adadmin@passport.gov.bd |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৪ | সহকারী পরিচালক ও তদুর্ধ পর্যায়ের কর্মকর্তাদের নৈমিত্তিক ছুটি মঞ্জুর। | সংশ্লিষ্ট কর্মকর্তার আবেদনের ভিত্তিতে আদেশ জারি। | ক. সংশ্লিষ্ট কর্মকর্তার আবেদন।<br>খ. সংশ্লিষ্ট অফিস প্রধানের ছুটি মঞ্জুরের সুপারিশ। | বিনামূল্যে | ০৩ দিন। | জনাব মোঃ সালেহ উদ্দিন<br>সহকারী পরিচালক (প্রশাসন)<br>ফোনঃ ০১৭৩৩-৩৯৩৩৩৩<br>adadmin@passport.gov. bd |
| ৫ | কর্মকর্তা/কর্মচারীদের ভ্রমণভাতাসহ অন্যান্য ভাতা মঞ্জুর। | নির্ধারিত ফরমে আবেদনের ভিত্তিতে | ক. ভ্রমণ সূচি।<br>খ. নির্ধারিত ফরমে বিল দাখিল। | বিনামূল্যে | ১০ দিন। | জনাব মোঃ শরীফুল ইসলাম<br>সহকারী পরিচালক (হিসাব শাখা)<br>ফোনঃ ০২-৯১২৬৯৭২ |
| ৬ | ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের পিআরএল/ল্যাম্পগ্র্যান্ট ছুটি মঞ্জুর | নির্ধারিত ফরমে আবেদনের ভিত্তিতে | ক) পূর্ণ গড়বেতনে ছুটির হিসাব।<br>খ) অর্ধ গড় বেতনে ছুটির হিসাব ।<br>গ) সার্ভিস বহির কপি। | বিনামূল্যে | ০৭ দিন। | জনাব মোঃ সালেহ উদ্দিন<br>সহকারী পরিচালক (প্রশাসন)<br>ফোনঃ ০১৭৩৩-৩৯৩৩৩৩<br>adadmin@passport.gov. bd |
| ৭ | কর্মচারীদের পেনশন মঞ্জুর | নির্ধারিত ফরমে আবেদনের ভিত্তিতে | ক। নির্ধারিত ফরমে পেনশন ও আনুতোষিকের আবেদনপত্র-২ প্রস্থ।<br>খ। ছবি -১কপি।<br>গ। পিআরএল মঞ্জুরীর আদেশের কপি -১ প্রস্থ।<br>ঘ। নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ -১ প্রস্থ।<br>ঙ। বৈধ উত্তরাধিকারীর ঘোষণাপত্র- ১ প্রস্থ।<br>চ। পাঁচ আঙ্গুলের ছাপ- ১ প্রস্থ।<br>ছ। জাতীয়তা সনদের মূলকপি - ১ প্রস্থ।<br>জ। প্রত্যাশিত শেষ বেতনের সনদপত্র (ইএলপিসি) - ১ প্রস্থ।<br>ঝ। শেষ বেতন সনদপত্র (এলপিসি)- ১ প্রস্থ।<br>ঞ। না-দাবী পত্র - ১ প্রস্থ।<br>ট। মূল চাকুরী বহি -১ টি (২ খন্ড বিশিষ্ট)। | বিনামূল্যে | ০৭ দিন। | জনাব মোঃ সালেহ উদ্দিন<br>সহকারী পরিচালক (প্রশাসন)<br>ফোনঃ ০১৭৩৩-৩৯৩৩৩৩<br>adadmin@passport.gov. bd |
| ৮ | সাধারণ ভবিষ্য তহবিল হতে ঋণ মঞ্জুর | নির্ধারিত ফরমে আবেদনের ভিত্তিতে | ক) সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর আবেদন।<br>খ) হিসাব রক্ষণ কার্যালয়ে ভবিষ্য তহবিলের হিসাব বিবরণী। | বিনামূল্যে | ০৭ দিন। | জনাব মোঃ সালেহ উদ্দিন<br>সহকারী পরিচালক (প্রশাসন)<br>ফোনঃ ০১৭৩৩-৩৯৩৩৩৩<br>adadmin@passport.gov. bd |
| ৯ | কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন প্রকার ঋণ মঞ্জুর। | নির্ধারিত ফরমে আবেদনের ভিত্তিতে। | ফরমে উল্লেখিত শর্তাবলী পূরণ এবং প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে। | বিনামূল্যে | ০৫ দিন। | জনাব মোঃ সালেহ উদ্দিন<br>সহকারী পরিচালক (প্রশাসন)<br>ফোনঃ ০১৭৩৩-৩৯৩৩৩৩<br>adadmin@passport.gov. bd |
| ১০ | কর্মকর্তা/কর্মচারীদের উচ্চ শিক্ষা গ্রহণের অনুমতি | সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর আবেদনের ভিত্তিতে। | ক. সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর আবেদন।<br>খ. সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তির প্রমাণপত্র।<br>গ. সংশ্লিষ্ট বিভাগীয়/আঞ্চলিক অফিস প্রধানের সুপারিশ। | বিনামূল্যে | ০৫ দিন। | জনাব মোঃ সালেহ উদ্দিন<br>সহকারী পরিচালক (প্রশাসন)<br>ফোনঃ ০১৭৩৩-৩৯৩৩৩৩<br>adadmin@passport.gov. bd |
| ১১ | কর্মকর্তা/কর্মচারীদের পাসপোর্ট গ্রহণের অনুমতি। | নির্ধারিত ফরমে অনাপত্তি দেয়া হয়। | ক. সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের আবেদন।<br>খ. সংশ্লিষ্ট অফিস প্রধানের সুপারিশ। | বিনামূল্যে | ০৩ দিন। | জনাব মোঃ সালেহ উদ্দিন<br>সহকারী পরিচালক (প্রশাসন)<br>ফোনঃ ০১৭৩৩-৩৯৩৩৩৩<br>adadmin@passport.gov.bd |
| ১২ | দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা হতে ৪র্থ শ্রেণীর কর্মচারীর বিদেশ ভ্রমণের অনুমতি | সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর আবেদনের ভিত্তিতে। | ক. সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের আবেদন।<br>খ. ছুটির প্রাপ্যতার সনদ।<br>গ. সংশ্লিষ্ট অফিস প্রধানের সুপারিশ। | বিনামূল্যে | ০৫ দিন। | জনাব মোঃ সালেহ উদ্দিন<br>সহকারী পরিচালক (প্রশাসন)<br>ফোনঃ ০১৭৩৩-৩৯৩৩৩৩<br>adadmin@passport.gov.bd |

**৩. আওতাধীন বিভাগীয় অফিস সমূহের প্রদত্ত সেবা**

| ক্রঃনং | আওতাধীন বিভাগীয় অফিস সমূহের নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর, ই-মেইল ও ওয়েব লিঙ্ক) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১ | বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকা | জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন,<br>পরিচালক<br>ফোনঃ০১৭৩৩৩৯৩৩২৩<br>rpoagargaon@passport.gov.bd |
| ২ | বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, চট্টগ্রাম | মোঃ সাঈদুল ইসলাম<br>পরিচালক<br>ফোনঃ০১৭৩৩৩৯৩৩৪৯<br>rpomansurabad@passport.gov.bd<br>http://www.passport.chittagongdiv.gov.bd/ |
| ৩ | বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, খুলনা | জনাব মোঃ আবু সাইদ,<br>পরিচালক<br>ফোনঃ ০১৭৩৩৩৯৩৩৬৪<br>rpokhulna@passport.gov.bd<br>http://passport.khulna.gov.bd/ |
| ৪ | বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট | জনাব মহের উদ্দিন সেখ<br>উপপরিচালক<br>ফোনঃ০১৭৩৩৩৯৩৩৬১<br>rposylhet@passport.gov.bd<br>http://passport.sylhet.gov.bd/ |
| ৫ | বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, বরিশাল | জনাব আবু নোমান মোঃ জাকির হোসেন<br>উপপরিচালক<br>ফোনঃ০১৭৩৩৩৯৩৩৭৪<br>rpobarisal@passport.gov.bd<br>http://passport.barisal.gov.bd/ |
| ৬ | বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রংপুর | জনাব মোরাদ চৌধুরী<br>উপপরিচালক<br>ফোনঃ০১৭৩৩৩৯৩৩৮৯<br>rporangpur@passport.gov.bd<br>http://passport.rangpur.gov.bd/ |
| ৭ | বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রাজশাহী | জনাব রোতিকা সরকার<br>উপপরিচালক<br>ফোনঃ০১৭৩৩৩৯৩৩৮০<br>rporajshahi@passport.gov.bd<br>http://passport.rajshahi.gov.bd/ |

**৪. আপনার কাছে আমাদের প্রত্যাশা**

| ক্রমিক নং | প্রতিশ্রুত/কাঙ্খিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয় |
|---|---|
| ১) | নির্ধারিত ফরমে সম্পূর্ণভাবে পূরণকৃত আবেদন জমা প্রদান। |
| ২) | নির্ধারিত পদ্ধতিতে প্রয়োজনীয় ফি পরিশোধ করা। |
| ৩) | সাক্ষাতের জন্য নির্ধারিত সময়ে উপস্থিত থাকা। |
| ৪) | আবেদন ফরমের সাথে প্রয়োজনীয় দালিলিক প্রমাণাদি জমাকরণ। |
| ৫) | সংশ্লিষ্ট দালিলিক প্রমাণাদির মূল সনদ সাথে রাখা। |
| ৬) | শৃঙ্খলা বজায় রাখা এবং বিধিবিধান অনুসরণপূর্বক সেবা গ্রহণ করা। |

**৫. অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS)**

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করুন। তিনি সমাধান দিতে ব্যর্থ হলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করে আপনার সমস্যা অবহিত করুন।

| ক্র.নং- | কখন যোগাযোগ করবেন | কার সঙ্গে যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিষ্পত্তির সময়সীমা |
|---|---|---|---|---|
| ০১ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে না পারলে | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) | মোঃ শিহাব উদ্দিন খান<br>পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর<br>মেবাইল নং-০১৭৩৩৩৯৩৩০৫<br>ফোন- +৮৮০২-৯১৩৪০১১<br>ই-মেইল:dadmin@passport.gov.bd | ৩০ কার্যদিবস (সাধারণ) ৪০ কার্যদিবস (তদন্তের উদ্যোগ গৃহীত হলে) |
| ০২ | ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে | আপিল কর্মকর্তা | ফারজানা সিদ্দিকা<br>উপসচিব (বাজেট-২ শাখা)<br>সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br>মোবাইল নং: +৮৮০১৭৩১৫৪১৩৯০<br>ফোন নং-+৮৮০-২-৫৫১০১১৪৭<br>ই-মেইল: budget2@ssd.gov.bd | ২০ কার্যদিবস |
| ০৩ | আপিল কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে। | মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেল। | সচিব (সমন্বয় ও সংস্কার)<br>মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।<br>ফোন:৯৫১৩৪৩৩<br>ইমেইল: secycnr@cabinet.gov.bd<br>www.cabinet.gov.bd | ৬০ কার্যদিবস |

মোঃ সাদ্দাম হোসেন
সহকারী পরিচালক (পাসপোর্ট)
ও
সদস্য সচিব

সচিব কুমার আইন
সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা)
ও
সদস্য

মোঃ সালেহ উদ্দিন
সহকারী পরিচালক (প্রশাসন)
ও
সদস্য

মোঃ আবুল হোসেন
উপপরিচালক (ভিসা)
ও
সদস্য

মোক্তার হোসেন
উপপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
ও
সদস্য

মোস্তাফিজুর রহমান
এ্যাসিস্ট্যান্ট সিস্টেম এনালিস্ট
ও
সদস্য

মোঃ সালাহ উদ্দিন
উপপরিচালক (পাসপোর্ট পলিসি ও সমন্বয়)
ও
সদস্য

বিপুল কুমার গোস্বামী
উপপরিচালক (অর্থ অধিশাখা)
ও
সদস্য

এ কে এম মাজহারুল ইসলাম
পরিচালক (পাসপোর্ট, ভিসা ও পরিদর্শন)
ও
আহ্বায়ক